

এক্সপেডিটেড পার্টনার থেরাপি: ট্রাইক

পার্টনারদের জন্য নির্দেশিকা

কেন আমি এই ওষুধ গ্রহণ করছি?

- আপনার সঙ্গীর ট্রাইকোমোনিয়াসিস (ট্রাইক) রোগের চিকিৎসা করা হচ্ছে। **ট্রাইক** একটি STI (যৌন ঘটিত সংক্রমণ) যা আপনি মৌখিক, পায়ুপথ বা যোনিপথের মাধ্যমে সংক্রমিত হতে পারেন। সেক্স করার সময়, প্যারাসাইটটি আক্রান্ত লিঙ্গ থেকে যোনিতে, যোনি থেকে লিঙ্গে বা যোনি থেকে অন্য যোনিতে ছড়িয়ে পড়তে পারে। প্যারাসাইটটির শরীরের অন্যান্য অংশ যেমন- হাত, মুখ বা মলদ্বারে সংক্রামিত হওয়ার প্রচলন নেই।
- আপনার ট্রাইক রোগের চিকিৎসায় একজন চিকিৎসা সেবাদানকারী আপনাকে দেওয়ার জন্য আপনার সঙ্গীকে ওষুধ দিয়েছেন। এমনকি কোনো লক্ষণ প্রকাশ ছাড়াই আপনি ট্রাইকে আক্রান্ত হতে পারেন। আপনি যদি ট্রাইকে আক্রান্ত না হয়ে থাকেন সেক্ষেত্রেও এই ওষুধটির কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া নেই। আপনার যাতে গুরুতর স্বাস্থ্য সমস্যা না হয় বা সংক্রমণটি অন্যদের মধ্যে ছড়িয়ে না পড়ে তাই এ ওষুধটি। এটিকে বলা হয় **এক্সপেডিটেড পার্টনার থেরাপি (EPT)**।
- EPT** হলো আপনার চিকিৎসার ক্ষেত্রে একটি সহজ, দ্রুত এবং ব্যক্তিগত মাধ্যম। ওষুধটি নিরাপদ এবং সঠিকভাবে ব্যবহার করলে খুবই ভালো কাজ করে।

কেন আমাকে এই ওষুধটি সেবন করতে হবে?

চিকিৎসা না করা হলে, **ট্রাইকের কারণে গুরুতর স্বাস্থ্য সমস্যা হতে পারে।** এটি যৌনাঙ্গের প্রদাহ সহ অন্যান্য STI-গুলোতে আক্রান্ত হওয়ার এবং ছড়িয়ে দেওয়ার মতো অবস্থা তৈরি করতে পারে যা HIV-তে আক্রান্ত হওয়া সহজ করে তুলতে পারে। চিকিৎসা করা না হলে ট্রাইক সংক্রমণ কয়েক মাস বা বছর ধরে চলতে পারে।

গুরুতর স্বাস্থ্য সমস্যায় যা ঘটতে পারে:

- পেলভিক ইনফ্ল্যামেটরি ডিজিজ** - ব্যথা এবং প্রজনন অঙ্গকে প্রভাবিত করতে পারে।
- একটোপিক গর্ভাবস্থা** - ফ্যালোপিয়ান টিউবে একটি গর্ভাবস্থা।
- বন্ধ্যাত্ব** - সন্তান ধারণে অক্ষমতা।

এই ওষুধটি কী?

- ট্রাইক রোগের চিকিৎসার ওষুধ হলো **মেট্রোনিডাজল**। এটি একটি **অ্যান্টিবায়োটিক** পিল (ওষুধটি সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে)।
- এই ওষুধটি ট্রাইক থেকে মুক্তি দেবে তবে অন্যান্য **STI-এর চিকিৎসা করবে না।**
- আপনার যদি **মেট্রোনিডাজলে** অ্যালার্জি থাকে বা গুরুতর স্বাস্থ্য সমস্যা থাকে তবে আপনার এই ওষুধটি সেবন করা উচিত নয়। আপনার জন্য প্রযোজ্য সেরা চিকিৎসার জন্য তাৎক্ষণিক একজন চিকিৎসা সেবা প্রদানকারীর সাথে কথা বলুন।
- আপনার যদি আরো গুরুতর সংক্রমণের কোনো উপসর্গ থেকে থাকে তবে অবিলম্বে চিকিৎসা সেবা গ্রহণ করুন। উপসর্গগুলোর মধ্যে রয়েছে পেট বা পেলভিক অথবা অণ্ডকোষে ব্যথা, জ্বর, বমি বমি ভাব বা বমি করা।

কিভাবে আমার ওষুধ গ্রহণ করতে হবে?

- নির্দেশনা অনুযায়ী আপনার সকল পিল গ্রহণ করুন। আপনার সকল পিল গ্রহণ করা গুরুত্বপূর্ণ কাজ।
- আপনি ভরা পেটে (খাবার গ্রহণের পর) বা খালি পেটে (খাবার গ্রহণের কমপক্ষে 1 ঘণ্টা আগে বা খাবার গ্রহণের 2 ঘণ্টা পর) ওষুধ সেবন করতে পারবেন।
- এই ওষুধটি সেবনের সময় অ্যালকোহল পান করবেন না। যেকোনো অ্যালকোহল পান করার আগে আপনার পিল সেবন শেষ করার অন্তত 3 দিন পর্যন্ত অপেক্ষা করুন।
- আপনি যদি ওষুধ গ্রহণের পর বমি করেন তাহলে এটি কাজ করবে না এবং আপনাকে আবার ওষুধ গ্রহণ করতে হবে। CHN ক্লিনিকে যাওয়ার সিদ্ধান্ত নিতে নিচের ফোন নম্বরে কল করুন।

আপনি যদি মনে করেন যে আপনার আরেকটি STI রয়েছে, তাহলে পরীক্ষা করার জন্য অন্য কোনো CHN ক্লিনিকে যান।

এই ওষুধ গ্রহণের পরে আমাকে কী করতে হবে?

- আপনি এবং আপনার সকল পার্টনারের চিকিৎসা গ্রহণ শেষ করার পর 7 দিন যৌন সহবাস (যোনি, ওরাল বা অ্যানাল) করবেন না। ঔষধের কার্যকারিতা পেতে পুরো এক সপ্তাহ সময় লাগে।
- আপনার সব পিল করুন। আপনি শেষবার পিল গ্রহণের পর পরবর্তী যৌনসহবাসের আগ পর্যন্ত 7 দিন অপেক্ষা করুন।
- আপনাকে নিজের চিকিৎসা গ্রহণের প্রায় 3 মাস পর আবার পরীক্ষা করা উচিত এমনকি যদি আপনার পার্টনার চিকিৎসা সেবা গ্রহণ করেন তবুও।

ভ্যাকসিন থেকে কি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হয়?

- সাধারণত হয় না, তবে পার্শ্ব-প্রতিক্রিয়া হতে পারে।

প্রচলিত পার্শ্ব-প্রতিক্রিয়া হিসেবে যা হতে পারে:	গুরুতর পার্শ্ব-প্রতিক্রিয়া বিরল, তবে ঘটতে পারে:
<ul style="list-style-type: none">• ডায়রিয়া• বমি বমি ভাব• পেটে ব্যথা• মাথা ব্যথা• বমি করা	<p>কিছু মানুষের ওষুধে অ্যালার্জির প্রতিক্রিয়া হতে পারে। এই প্রতিক্রিয়াগুলোর কারণ হতে পারে:</p> <ul style="list-style-type: none">• শ্বাসকষ্ট• বুকে টানটান ভাব• গলা বন্ধ হয়ে যাওয়া• ঠোঁট ও জিহ্বা ফুলে যাওয়া• আমবাত (ত্বকে চুলকানি বা ফুসকুড়ি হওয়া)

এই ওষুধ খাওয়ার পর আপনার যদি কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা দেয়, তাহলে 911 এ কল করুন বা এখনই জরুরি কক্ষে যান।